# Times Today BD

ডেস্ক রিপোর্ট | বাংলাদেশ | 28 March, 2025

থাইল্যান্ডে শক্তিশালী ভূমিকম্পে হতাহতের ঘটনা ঘটলেও সেখানে অবস্থানরত বাংলাদেশিরা নিরাপদে আছেন বলে জানিয়েছেন ব্যাংককে বাংলাদেশের রাষ্ট্রদূত ফাইয়াজ মুরশিদ কাজী।শুক্রবার (২৮ মার্চ) রাষ্ট্রদূত ফাইয়াজ মুরশিদ কাজী বলেন, বাংলাদেশের সব নাগরিক নিরাপদে আছেন।কারও হতাহত হওয়ার তথ্য নেই।

আজ (শুক্রবার) ভূমিকম্পের তীব্রতায় থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে নির্মাণাধীন একটি বহুতল ভবন ভেঙে পড়ে।এ ঘটনায় এখন পর্যন্ত অন্তত ৩ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।আরও অন্তত ৮১ জন ধ্বংসস্তূপের নিচে চাপা পড়ে আছে বলে জানিয়েছেন থাইল্যান্ডের উপপ্রধানমন্ত্রী।

এ ছাড়া, মিয়ানমারে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্প এবং ৬ দশমিক ৮ মাত্রার ভূমিকম্পে হতাহতের ঘটনা ঘটলেও সেখানে অবস্থানরত বাংলাদেশির নিরাপদে আছেন।এদিন, নেপিদোতে বাংলাদেশের রাষ্ট্রদূত মো. মনোয়ার হোসেন এই তথ্য জানান।

ভূমিকম্প মিয়ানমার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 09:27

URL: https://www.timestodaybd.com/bangladesh/145418311